# মিড-স্ট্রীম ইউরিন স্যাম্পল (MSU) বা প্রস্রাব প্রবাহের মধ্যবর্তী প্রস্রাবের নমুনা সংগ্রহ করার নিয়ম

## পুরুষদের মূত্রতন্ত্র রয়েছে এমন বড় শিশু, তরুণ এবং প্রাপ্তবয়স্কদের জন্য

## সাধারণ বিষয়সমূহ

প্রস্রাবের (মূত্র) নমুনা সংগ্রহ করার আগে এবং পরে সর্বদা সাবান ও পানি দিয়ে আপনার হাত ধুয়ে নিন।


নমুনা সংগ্রহের জন্য প্রস্তুত না হওয়া পর্যন্ত জীবাণুমুক্ত পাত্রটি খুলবেন না।

পাত্রটির ভেতরের অংশ স্পর্শ করা থেকে বিরত থাকুন এবং পাত্রের কোনো অংশে যেন আপনার যৌনাঙ্গের স্পর্শ না লাগে, সেদিকে খেয়াল রাখবেন।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি বলে থাকেন, তবে নমুনা সংগ্রহের আগেই পাত্রটিতে লেবেল লাগিয়ে নিন।


## মিড-স্ট্রীম ইউরিন স্যাম্পল [প্রস্রাব প্রবাহের মধ্যবর্তী প্রস্রাবের নমুনা] সংগ্রহ করতে হলে

**1**



পাত্রের ঢাকনাটা খুলুন এবং ভেতরের অংশটি যাতে ওপরের দিকে থাকে, সেইভাবে একটি পরিষ্কার স্থানে রাখুন।

**2**




যদি লিঙ্গের অগ্রভাগে চামড়া থাকে,
তবে তা আলতো করে পেছনের দিকে টেনে নিন।

**3**




টয়লেটে প্রস্রাব করা শুরু করুন (প্রস্রাবের প্রথমের দিকের অংশটি পাত্রে সংগ্রহ করবেন না)। প্রস্রাবের প্রবাহ বা গতি না থামিয়ে, পাত্রটিকে প্রস্রাবের ধারার সামনে ধরুন এবং কিছুটা প্রস্রাব সংগ্রহ করুন।

**4**



পাত্রটি উপচে না পড়া পর্যন্ত যতটা সম্ভব বেশি পরিমাণ প্রস্রাব দিয়ে পূর্ণ করুন অথবা পাত্রে কোনো দাগ কাটা থাকলে সেই দাগ পর্যন্ত পূর্ণ করুন। টয়লেটে প্রস্রাব করা শেষ করুন।

**5**



পাত্রের ঢাকনাটি আবার লাগিয়ে দিন
এবং এটি শক্তভাবে আটকে দিন।
পাত্রের বাইরের অংশটি যদি ভেজা থাকে, তবে তা ধুয়ে এবং মুছে নিন।

**6**



কোন ফরম বা লেবেল পূরণ করতে বলা হয়ে থাকলে, সেই ফরম বা লেবেলসহ
প্রস্রাবের নমুনা যত দ্রুত সম্ভব আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে নিয়ে যান। 2 নম্বর পৃষ্ঠার পরামর্শগুলো অনুসরণ করুন।

## সংক্ষিপ্ত তথ্য

**মিড-স্ট্রিম ইউরিন স্যাম্পল [মধ্যপ্রবাহের প্রস্রাবের নমুনা] কী?** প্রস্রাব করার মধ্যবর্তী সময়ে যে প্রস্রাবের নমুনা সংগ্রহ করা হয়, তা হলো মিড-স্ট্রিম ইউরিন স্যাম্পল।

### কেন আমাকে প্রস্রাব প্রবাহের মধ্যবর্তী সময়ে প্রস্রাবের নমুনা সংগ্রহ করতে হবে?

প্রস্রাব প্রবাহের একদম শুরুর দিকের চামড়ায় থাকা জীবাণু প্রস্রাবের সাথে মিশে যেতে পারে, যা টেস্টে বা পরীক্ষার ফলাফলে প্রভাব ফেলতে পারে। প্রস্রাব প্রবাহের মধ্যবর্তী সময়ে নমুনা সংগ্রহ করলে এই সমস্যাটি এড়ানো যায় এবং টেস্টের আরও সঠিক ফলাফল পাওয়া যায়।

### নমুনা সংগ্রহের আগে আমার কি যৌনাঙ্গ ধুয়ে নেওয়া প্রয়োজন?

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি অন্য কোনো নির্দেশ না দিয়ে থাকেন, তবে বিশেষ কোনো ওয়াইপ বা পরিষ্কার করার সামগ্রী ব্যবহারের প্রয়োজন নেই। শুধু নিশ্চিত করুন, যেন জায়গাটি পরিষ্কার এবং শুকনো থাকে।

### আমি কি বাড়ির কোনো বোতল বা পাত্র ব্যবহার করতে পারি?

নমুনা সংগ্রহের জন্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে যে পাত্রটি দিয়েছেন, সেটিই ব্যবহার করুন।

### আমি কখন প্রস্রাবের নমুনা সংগ্রহ করছি, তা কি গুরুত্বপূর্ণ?

সেরা মানের নমুনা পাওয়ার জন্য আপনার অ্যাপয়েন্টমেন্টের সময়ের যত কাছাকাছি সম্ভব নমুনা সংগ্রহ করার চেষ্টা করুন। সম্ভব হলে অ্যান্টিবায়োটিক ওষুধ খাওয়ার আগেই নমুনা সংগ্রহ করার চেষ্টা করুন।

### এমন কোনো পরিস্থিতি কি আছে যেখানে এই প্রক্রিয়াটি পরিবর্তিত হতে পারে?

কখনও কখনও আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রস্রাবের নমুনা সংগ্রহের জন্য ভিন্ন কোনো পদ্ধতির পরামর্শ দিতে পারেন। যদি এমনটি হয়, তবে তারা আপনাকে যে নির্দেশনা দেবেন, সেটিই মেনে চলুন।

## প্রস্রাবের নমুনা জমা দেওয়ার জন্য কিছু পরামর্শ

**সংগৃহীত নমুনা দ্রুত জমা দিন**
যত দ্রুত সম্ভব, এই নমুনা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে নিয়ে যান - আদর্শগতভাবে দুই ঘণ্টার মধ্যে।

**জমা দেওয়ার সময়সূচি চেক** করে নিন। সর্বশেষ কখন নমুনা জমা দেওয়া যাবে, তা জেনে নিন - যাতে আপনার প্রস্রাবের নমুনা একই দিনে ল্যাবে পৌঁছাতে পারে।

**নমুনা ঠান্ডা রাখুন।**
যদি এই নমুনা দ্রুত জমা দিতে না পারেন, তবে জমা দিতে না পারা পর্যন্ত এটি একটি প্লাস্টিকের ব্যাগে ভরে ফ্রিজে সংরক্ষণ করে রাখুন।

**বিশেষ জীবাণুমুক্ত পাত্রের ব্যবহার**
কিছু পাত্রে প্রিজারভেটিভ পাউডার থাকে এবং এতে কতটুকু নমুনা নিতে হবে, তা বোঝার জন্যে একটি নির্দিষ্ট দাগ কাটা থাকে। পাত্রের দাগ পর্যন্ত পূর্ণ করার চেষ্টা করুন, তবে তা সম্ভব না হলে, যতটুকু সম্ভব প্রস্রাব সংগ্রহ করুন।

**আরও তথ্যের জন্য এখানে স্ক্যান করুন**

© ক্রাউন কপিরাইট [ Crown copyright] ২০২৬। সংস্করণ ১। প্রকাশিতঃ জুলাই ২০২৬। সংশোধনের তারিখঃ জুলাই ২০২৯। এই নথিটি স্বাস্থ্যসেবা প্রদানকারী, রোগী এবং পেশাদার চিকিৎসা সংস্থাগুলোর যৌথ উদ্যোগে তৈরি করা হয়েছে। TARGET [টার্গেট] স্বাস্থ্যসেবা সংক্রান্ত এই প্রকল্পটি ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি [UK Health Security Agency] দ্বারা পরিচালিত হয়।